



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
অডিট-৩ শাখা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা- ৪৬.০০.০০০০.০৫০.০০.০০১.২০২১-২৬৮

তারিখ: ২২/০৯/২০২১

বিষয়: ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন “Dhaka Water Supply Network Improvement Project” শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের (পার্ট-এ ভুক্ত) অডিট আপত্তির ব্রডশীট জবাব।

সূত্র : ঢাকা ওয়াসার স্মারক নং-46.113.624.00.00.562/DWSNIP/09; তারিখ: ২০/০১/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রেরিত ঢাকা ওয়াসার “Dhaka Water Supply Network Improvement Project” শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের (পার্ট-এ ভুক্ত) অডিট আপত্তিসমূহ পরীক্ষান্তে নিম্নবর্ণিত অসঙ্গতি/অস্পষ্টতা পাওয়া যায়:

- (১) BSR-এ আপত্তিসমূহ পূর্ণরূপে উল্লেখ করা হয়নি;
- (২) BSR-এর ৩নং কলামে দপ্তরের জবাব হিসেবে ২নং কলামের Reply of the Auditee-এর পুনরাবৃত্তি করা হয়েছে যা নাকচ করেই FAPAD আপত্তি উত্থাপন করেছে;
- (৩) Exit Meeting-এ FAPAD-এর সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের প্রমাণক বা ব্যবস্থা গ্রহণ না করার ব্যাখ্যা দেওয়া হয়নি;
- (৪) BSR-এ আপত্তাধীন কর্মকর্তা নিজেই আপত্তি নিষ্পত্তির সুপারিশ করেছেন। এইরূপ সুপারিশ দপ্তর প্রধানের বা নিদেনপক্ষে আপত্তাধীন কর্মকর্তার উর্দ্ধতন কোন কর্মকর্তার নিকট থেকে হওয়া বাঞ্ছনীয়;
- (৫) প্রতিটি BSR-এ অন্তত তিনটি স্বাক্ষর দেখা যায় যেগুলো সীল বা নাম পদবি বিহীন। আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে এ সকল স্বাক্ষরের সম্পূর্ণতা রয়েছে কিনা, তা স্পষ্ট নয়;
- (৬) খুচরা কেনাকাটার উপর ভ্যাট হিসাব করার পদ্ধতি বিষয়ে এনবিআর থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রেরিত পত্রের কপি দেওয়া হয়েছে। ভিন্ন দপ্তরের পত্র অননুমোদিতভাবে সংগ্রহ করার বিষয়টি পরিহারযোগ্য; এবং
- (৭) একটি আপত্তির জবাবে অর্থ বিভাগের ০৩/০৫/২০১২ তারিখের পত্রের বরাত দেওয়া হয়েছে যা কেবল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য। DWASA এই শ্রেণীর প্রতিষ্ঠান নয়।

এমতাবস্থায়, “Dhaka Water Supply Network Improvement Project” শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের (পার্ট-এ ভুক্ত) অডিট আপত্তিসমূহের উল্লিখিত অসঙ্গতি/অস্পষ্টতা নিরসন করে প্রকৃত নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(হাবিবুর রহমান)  
উপসচিব

ফোন- ০২-২২৩৩৫৭২৩১

ই-মেইল lgaudit3.97@lgd.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। যুগ্মসচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ।
- ২। মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রকল্প পরিচালক, Dhaka Water Supply Network Improvement Project, ঢাকা ওয়াসা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
- ৬। অফিস কপি/মাষ্টার কপি।